



বাংলাদেশ
প্রকাশিত
১৯৬৭

১৯৬৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ

(এনটিআরসিএ)



রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (৪র্থ তলা), ৩৭/৩/এ,

ইন্ডাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০

সেবা প্রদান প্রতিশুতি (সিটিজেন্স চার্টার)- এর উন্নয়ন, পরিবর্তন, পরিবর্ধন, সংযোজন ও হালনাগাদকরণ এবং
সিটিজেন্স চার্টার বাস্তবায়ন পরিবীক্ষণ সংক্রান্ত কমিটির সভার কার্যবিবরণী।

| | |
|------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|-----------------------------------------------------------|
| সভাপতি | এ এস এম জাকির হোসেন সদস্য (প্রশাসন ও অর্থ) |
| সভার তারিখ | ২৩ সেপ্টেম্বর, ২০২১ |
| সভার সময় | বিকাল ০৩: ০০ টা |
| স্থান | এনটিআরসিএ'র সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | সভায় উপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট 'ক'-তে দেখানো হল। |
| উপস্থিতি, সদস্যগণকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি, সদস্য ও ফোকাল পয়েন্টকে আলোচ্যসূচি অনুসারে সভার আলোচ্য বিষয়সমূহ সভায় উপস্থাপনের আহবান জানান। উপস্থাপিত বিষয়ের উপর আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ | |

| ক্রমিক নং | আলোচ্য সূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|--------------|-------------------------------------------|-------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|-------------------------------------------------------------------------------------------------------------|--------------------|
| ১ | সিটিজেন্স চার্টারের নাম হালনাগাদকরণ | সদস্য ও ফোকাল পয়েন্ট সভাকে অবহিত করেন যে, মন্ত্রিপরিষদ বিভাগ হতে সিটিজেন্স চার্টারের নাম দেয়া আছে সেবা প্রদান প্রতিশুতি (সিটিজেন্স চার্টার)। সে আলোকে সদস্য ও ফোকাল পয়েন্ট এনটিআরসিএ'র বর্তমান সিটিজেন চার্টারের নাম সংশোধনের প্রস্তাব করেন। | সিটিজেন্স চার্টার নাম সংশোধন করে “সেবা প্রদান প্রতিশুতি (সিটিজেন্স চার্টার)” করতে হবে। | পরিবীক্ষণ কমিটি |

| | | | | |
|---|---------------------------------------------------|--------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|--------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|----------------------------|
| ২ | সেবা প্রদানের সময়সীমা নির্ধারণকরণ | সদস্য ও ফোকাল পয়েন্ট সভাকে জানান যে, মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী এনটিআরসি'র সেবা প্রদান প্রতিশুতি (সিটিজেন্স চার্টার) সেবা প্রদানের সময় সীমা নির্ধারণের ক্ষেত্রে যেখানে দিনের উল্লেখ রয়েছে তা সংশোধন করে কার্য দিবস করা যেতে পারে এবং সেবা প্রদানের ক্ষেত্রে তাংক্ষনিক বা ঘন্টার পরিবর্তে ০১ (এক) কার্য দিবস করা যেতে পারে। | সেবা প্রদানে সময় সীমা নির্ধারণের ক্ষেত্রে যেখানে দিনের উল্লেখ রয়েছে তার পরিবর্তে কার্য দিবস এবং তাংক্ষনিক বা ঘন্টার পরিবর্তে ০১ কার্য দিবস করতে হবে। | পরিবীক্ষণ কমিটি |
| ৩ | সেবা নির্ধারণকরণ | সভাপতি মহোদয় সভাকে অবহিত করেন যে, বিজ্ঞ আদালত কর্তৃক প্রদত্ত আদেশ, নির্দেশসমূহ বাধ্যতামূলকভাবে সম্পৱ/সম্পাদন করতে হয় বিধায় উক্ত আদেশ, নির্দেশ সমূহ সেবা হিসাবে বিবেচিত হয় না বিধায় এ কার্যালয়ের সেবা প্রদান প্রতিশুতি (সিটিজেন্স চার্টার) থেকে উক্ত সেবাসমূহ বাদ দেয়া যেতে পারে। | বিজ্ঞ আদালত কর্তৃক প্রদত্ত আদেশ, নির্দেশ প্রতিপালন সংক্রান্ত সেবাসমূহ এ কার্যালয়ের সেবা প্রদান প্রতিশুতি (সিটিজেন্স চার্টার) থেকে বাদ দিতে হবে। | পরিবীক্ষণ কমিটি |
| ৪ | শর্ত সাপেক্ষে সময় নির্ধারণকরণ | সদস্য ও ফোকাল পয়েন্ট সভাকে অবহিত করেন যে, সেবা প্রদানের ক্ষেত্রে শর্ত সাপেক্ষে সময় নির্ধারণের ক্ষেত্রে সেবা গ্রহীতার পক্ষে অনেক ক্ষেত্রে বিড়ম্বনার সৃষ্টি হয়। তাই শর্ত সাপেক্ষে সময় নির্ধারণ পরিহার করা প্রয়োজন। | সেবা প্রদানের ক্ষেত্রে শর্ত সাপেক্ষে কোন সময় নির্ধারণ করা যাবে না। | পরিবীক্ষণ কমিটি |

০২. সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

এ এস এম জাকির হোসেন
সদস্য (প্রশাসন ও অর্থ)

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নথি) :

- ১) সদস্য (সকল), এনটিআরসিএ, ঢাকা
- ২) সচিব, সচিব এর দপ্তর, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)
- ৩) উপপরিচালক (পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন), উপপরিচালক (পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন) এর দপ্তর, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)
- ৪) সহকারী পরিচালক, প্রশাসন (ক্রয় ও সেবা), উপপরিচালক (প্রশাসন ও অর্থ) এর দপ্তর, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)
- ৫) পি.এ টু চেয়ারম্যান, চেয়ারম্যান এর দপ্তর, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)

নথি

লুৎফর রহমান

সহকারী পরিচালক, প্রশাসন (সমষ্টি)